গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর।
www.madhukhali.faridpur.gov.bd

স্মারক নং ০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০০২.১৬-৪২ তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রিঃ

মধুখালী উপজেলার জানুয়ারি/২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ মোঃ আশিকুর রহমান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
স্থান	ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ	ঃ ৩০-০১-২০২২ খ্রি.।
সময়	ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি	ঃ পরিশিষ্ট "ক"
অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি	ঃ পরিশিষ্ট "খ"

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে সর্তক করা হয় । অতঃপর নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপিত হয়।

০২. সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় উহা দৃঢ়করণ করা হয়।

০৩. সভাপতি মধুখালী উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যবৃন্দকে বক্তব্য রাখার আহবান জানান। কমিটির সম্মানিত সদস্যগণ আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মধুখালী সভায় উপস্থিত সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন ৩২ জনের ভাতা বাউন্স ব্যাক এসেছে। অনেকের মেসেজ এসেছে কিন্তু টাকা আসে নাই। এ সমস্যা সমাধানের জন্য আরও ১৪দিন অপেক্ষা করতে হবে। ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে ভাতাভোগীদের অনুরোধ করেন তারা যেন বিকাশ একাউন্ট সম্বলিত সিমটি চালু রাখেন।	১। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ মোবাইল একাউন্ট চালু রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মধুখালী উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন নারী নির্যাতন প্রতিরোধে মেগচামীতে সচেতনতা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রমে সংশ্লিষ্ট বাচ্চাদের আবশ্যিকভাবে জন্মনিবন্ধন করতে হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	২। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ বাল্যবিবাহ নিয়ন্ত্রণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৩. প্রতিনিধি, উপজেলা আনসার ও ভিডিপি অফিস, মধুখালী সভায় জানান ৫ জানুয়ারি নির্বাচনে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এজন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী ফেব্রুয়ারি মাসে আনসার সমাবেশ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	৩। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৪. উপজেলা বন কর্মকর্তা, মধুখালী সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে ইউএনও মহোদয়কে অনুরোধ করেন।	৪। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখসহ অবৈধ করাত কলের বিরুদ্ধে অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। উপজেলা বন কর্মকর্তা, মধুখালী ৪। চেয়ারম্যান, সকল ইউপি।

৫. চেয়ারম্যান, আড়পাড়া ইউপি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন চুরি বেড়ে গেছে। বিভিন্ন জায়গা থেকে মটর এবং মসজিদের মাইক চুরি হয়েছে। ১নং ওয়ার্ডে রাতের বেলায় পাহাড়ার ব্যবস্থা করেছেন। তিনি মনে করেন জনগণকে সম্পৃক্ত করে দফাদার/চৌকিদার দিয়ে পাহাড়ার ব্যবস্থা করলে চুরি অনেক কমে যাবে। ওসি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন মধ্য আড়পাড়ায় মেহগনি গাছের বাগানে তাস খেলা হয়। পুলিশ টহল বৃদ্ধি করলে ভালো হবে।	৫। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ পুলিশি টহল বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৬. চেয়ারম্যান, মেগচামী ইউপি সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন মাঝে-মধ্যে গরু চুরি হচ্ছে। ওসি মহোদয় কয়েকজনকে গ্রোপ্তার করেছেন। তার ইউনিয়নে শান্তি-শৃঙ্খলা ভালো। মেগচামী-বালিয়াকান্দি রাস্তার বেহাল দশা। ধূলায় পরিবেশ দূষিত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	৬। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৭. চেয়ারম্যান, বাগাট ইউপি সবাইকে সালাম জানিয়ে বলেন সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এজন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়, ইউএনও মহোদয়, ওসি মহোদয়, সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি জন্মনিবন্ধন সহজীকরণের জন্য অনুরোধ করেন। উদ্যোক্তারা সাধারণ মানুষের কাছ থেকে অধিক টাকা নিচ্ছে। উদ্যোক্তাদের নিয়ন্ত্রণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বাগাটে একটি মেয়ে একটি হিন্দু ছেলের সাথে চলে গিয়েছিল। ওসি মহোদয়ের সহযোগিতায় উদ্ধার করা হয়েছে। এ বিষয়ে থানায় জিডি করা হয়েছে।	৭। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৮. চেয়ারম্যান, কামালদিয়া ইউপি সকলকে সালাম জানিয়ে বলেন তার ইউনিয়নে আইন শৃঙ্খলা ভালো তবে বেশ কিছুদিন আগে কয়েকটি গরু চুরি হয়েছে। গ্রাম পুলিশ দিয়ে উদ্ধার করা হয়েছে কিন্তু চোর ধরা যায়নি। তিনি জানান চাঁদপুর গ্রামের মনির গরুর চুরির সাথে জড়িত। একে ধরলে সব তথ্য বেরিয়ে আসবে। এ বিষয়টি গুরুত্বের সাথে দেখতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২১টি ফ্যানসহ আনুষাঙ্গিক জিনিসপত্র চুরি হয়েছে। এ বিষয়ে থানায় জিডি করা হয়েছে।	৮। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ গরু চুরি ও অন্যান্য চুরি নিয়ন্ত্রণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
৯. জনাব মির্জা আহসানুজ্জামান আজাউল, সদস্য, জেলা পরিষদ সকলকে সালাম জানিয়ে বলেন মধুখালীর আইন-শৃঙ্খলা ভালো। নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। তবে মাদক বৃদ্ধি পেয়েছে। চিহ্নিত মাদক ব্যবসায়ী গ্রেপ্তার হয় আবার ছাড়া পেয়ে যায়। গোন্দারদিয়া এলাকায় মাদক বৃদ্ধি পাওয়ায় আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে। মাদক কারবারীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভূমি অফিসে জমির মিউটেশন করতে নির্ধারিত টাকার চেয়ে অধিক পরিমাণ টাকা নিচ্ছে। দুর্নীতি বৃদ্ধি পাচ্ছে। সাধারণ মানুষ যেন হয়রানির শিকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ইউএনও মহোদয়কে অনুরোধ করেন। তিনি আরও জানান কতিপয় ব্যবসায়ী হোমিওপ্যাথি ব্যবসার অন্তরালে নেশা জাতীয় স্পিরিট বিক্রয় করছে। এগুলোর দোকান চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া ওসি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন যেন টহল পুলিশ এগুলো আইনের আওতায় আনতে পারে।	৯। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ মাদক নিয়ন্ত্রণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
১০.জনাব দেব প্রসাদ রায়, সদস্য, জেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। ৩য় লিঙ্গের যারা আছে তারা প্রতিবন্ধী বা অন্য কোন সুযোগ সুবিধার আওতায় পড়ে কি না সে বিষয়ে সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন জন্মনিবন্ধন করতে গেলে বেশি পরিমাণ টাকা দাবী করা হয়। এ বিষয়ে চার্ট আকারে [illegible] পাশাপাশি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে	১০। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ জন্মনিবন্ধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।

১১. জনাব মোঃ রেজাউল হক বকু, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, মধুখালী সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন মধুখালীর আইন-শৃঙ্খলা সার্বিকভাবে ভালো। বৈরী আবহাওয়ায় চোরের উপদ্রব বেড়েছে। পুলিশি টহল বৃদ্ধি করলে ভালো হবে। মনির এবং ফিরোজ নামে দুইজন চোর মধুখালীকে অতিষ্ঠ করে তুলছে। ওসি মহোদয় এদের ধরতে তৎপর। যেসব স্কুলে নাইটগার্ড নেই সেসব স্কুলে চুরি হচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন থাকতে অনুরোধ করেন। মধুখালী হাসপাতাল এলাকায় দুর্গন্ধের বিষয়ে ইউএনও মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সবার সুস্থ্যতা কামনা করে বক্তব্য শেষ করেন।	১১। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
১২.জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী সকলকে সালাম জানিয়ে বলেন মধুখালীতে মাদক এবং চুরি বেড়েছে। এ বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন টহল বৃদ্ধির পাশাপাশি পাহাড়ার ব্যবস্থা করলে ভালো হয়। বেশ কিছুদিন আগে মাকড়াইলে মার্ডার হয়েছিল যার ফলে সেখানে অস্থিতিশীল পরিস্থিতি বিরাজ করছে। দুষ্কৃতিকারীরা জমির ফসল কেটে নিয়ে যাচ্ছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। পাথর ব্যবসার কারণে মধুখালী মৌসুমী মাঠ খেলার অনুপযোগি হয়ে গেছে এবং মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের মাঝখান দিয়ে যে রাস্তাটি রয়েছে সেটির বেহাল অবস্থা। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে ইউএনও মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	১২। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ পাথর ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
১৩.প্রতিনিধি, মধুখালী থানা সবাইকে সালাম জানিয়ে বলেন মধুখালীতে চুরির প্রবণতা বেশি। শীতকালে গরু চুরি ব্যাপক বৃদ্ধি পেয়েছে। কয়েকটি জায়গায় এলাকার লোকজনকে দিয়ে পাহাড়ার ব্যবস্থা করেছেন। তিনি বলেন মধুখালীতে গরু চুরির তিনটি চক্র রয়েছে। বোয়ালমালী, রাজবাড়ী এবং স্থানীয় লোকজন। রাজবাড়ীর চোর চক্রের সাথে মেগচামীর লোকজন জড়িত। জাহাপুরের চুরির ব্যাপারে কাজ চলছে। ডোপ টেস্টের মাধ্যমে মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের চিহ্নিত করার চেষ্টা চলছে।	১৩। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ চুরি ও মাদক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ২। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৩। চেয়ারম্যান, সকল ইউপি।
১৪. জনাব শহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী সবইকে সালাম জানিয়ে বলেন মধুখালীতে আইন-শৃঙ্খলা ভালো। গত সভায় গাজনার চেয়ারম্যান দুইজন মাদক ব্যবসায়ীর নাম উল্লেখ করেছিলেন। নবনির্বাচিত চেয়ারম্যান এর পাশে তাদের ছবি দেখা যায় এদের আইন-শৃঙ্খলার আওতায় অনাতে হবে। চুরি এবং মাদক বেড়ে গেছে। ওসি মহোদয়কে এ বিষয়টি নজরে রাখতে অনুরোধ করেন। ডোপ টেস্টের মাধ্যমে মাদক ব্যবসায়ীদের চিহ্নিত করতে হবে। মধুখালীর ঐতিহ্যবাহী মৌসুমী মাঠে বড় বড় টুর্ণামেন্ট হতো। কিছু অসাধু ব্যবসায়ী কোন লাইসেন্সের মাধ্যমে পাথর ফেলে মাঠের পরিবেশ ধ্বংস করে দিয়েছে, সবসময় পাথর ফেলতে পারে কি না, এদের জায়গা কতটুকু তা সভার মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নিকট জানতে চান। পাথর ফেলার শব্দে হার্টের রোগীদের খুব কষ্ট হয়। এ বিষয়ে যে যে পদক্ষেপ আছে সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে। কিছু কুচক্রীমহল মধুখালীতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায় তা হতে দেয়া যাবে না। বাজারের পুকুর ও জমি দখল মুক্ত করতে হবে। বন্দর স্লুইস গেট এলাকায় যে পার্ক হচ্ছে সেখানে কিছু অসাধু গোষ্ঠী ব্যবসায়ীক পরিবেশ সৃষ্টির পায়তারা করছে। ব্যক্তিগতভাবে কেউ ব্যবসা করতে পারবে না। কোরকদী ইউনিয়নের বাশপুর মারামারির কারণে মানুষ গ্রাম ছাড়া হয়ে আছে। আহম্মদ মেম্বার এর বাড়ির টিন খুলে, টিউবওয়েল উঠিয়ে নিয়ে গেছে। যারা উচ্ছেদ হয়েছে তাদের ফিরিয়ে আনতে হবে। তিনি বলেন সবাই মিলে শান্তিতে বসবাস করতে চান। কিছু দুষ্কৃতিকারী সমবায় কর্মকতাকে অপমান-অপদস্ত করেছে। এ বিষয়ে থানায় মামলা দেয়ায় তাকে আবার হুমকি দেয়া হয়েছে। তিনি কোন হুমকি দেখতে চান না। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সবার [illegible]	১৪। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ মধুখালী পুকুরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী ২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী ৩। সহকারী কমিশনার (ভূমি), মধুখালী ৪। মেয়র, মধুখালী পৌরসভা ৫। অফিসার ইনচার্জ, মধুখালী থানা। ৬। চেয়ারম্যান, সকল ইউপি।

১৫. উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে সালাম এবং শুভেচ্ছা জানিয়ে বলেন জন্মনিবন্ধনে ব্যাপক চাপ সৃষ্টি হচ্ছে। গত তিন দিনে প্রায় পাঁচশত জন্মনিবন্ধন সংশোধন করেছেন। আগামী মাসের মধ্যে বাকিগুলো শেষ করবেন। তিনি বলেন জন্মের ৪৫দিনের মধ্যে না হলে এক বছরের মধ্যে জন্মনিবন্ধন করতে হবে। মধুখালীতে বাল্যবিবাহের হার বেশি। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকতে অনুরোধ করেন। করাত কলের বিষয়ে খুব শীঘ্রই অভিযান শুরু করা হবে। গরু চুরির বিষয়ে বেশি সতর্ক থাকতে হবে। ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে গ্রাম পুলিশদের সারা রাত পাহাড়া দিতে অনুরোধ করেন। খুব শীঘ্রই মৌসুমী মাঠের সীমানা নির্ধারণ করা হবে এবং কোন পাথর যাতে না ফেলা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মেগচামীতে ফাঁদ পেতে পাখি শিকার করা হচ্ছে। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়কে সজাগ থাকতে অনুরোধ করেন। সমবায় কর্মকর্তাকে বাধা প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। মাদকের বিরুদ্ধে সবাইকে একসাথে কাজ করতে অনুরোধ করেন। সবার সার্বিক সহযোগিতা ও সুস্বাস্থ্য কামনা করে বক্তব্য শেষ করেন।		

০৫. মাসিক অপরাধচিত্রের বিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অফিসার ইনচার্জ, মধুখালী থানাকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০১/২২

(মোঃ আশিকুর রহমান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
মধুখালী, ফরিদপুর
৩০/০১/২২

স্মারক নং ০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০০২.১৬- ৪২ (৪২) তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-১।
৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
৫. পুলিশ সুপার, ফরিদপুর।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
৮. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), মধুখালী, ফরিদপুর।
৯. উপজেলা.. অফিসার, মধুখালী।
১০. মেয়র, মধুখালী পৌরসভা, মধুখালী, ফরিদপুর।
১১. অফিসার ইনচার্জ, মধুখালী থানা, মধুখালী, ফরিদপুর।
১২. চেয়ারম্যান (সকল), ...ইউ.পি, মধুখালী, ফরিদপুর।
১৩. জনাব...।

৩০/০১/২২

উপজেলা নির্বাহী অফিসার
মধুখালী, ফরিদপুর
৩০/০১/২২